

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯২৯(আগরতলা ১৭।০৮)

আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘খোয়াই স্বাস্থ্য মিশনের কাজে চলছে চরম অব্যবস্থা, চলছে পরস্পরকে দোষারোপ প্রক্রিয়া’-সংবাদ শিরোনামে গত ৩১ জুলাই, ২০২৪ তারিখে আজকের ফরিয়াদ এবং ‘স্বাস্থ্য মিশনের ব্যর্থতার দায় নিয়ে সামাজিক মাধ্যমে দোষারোপ’ শিরোনামে গত ৩০ জুলাই, ২০২৪ তারিখে স্যন্দেশ পত্রিকায় প্রকাশিত সংবাদ খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের নজরে এসেছে। খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রকাশিত সংবাদটি সঠিক নয় এবং বিভ্রান্তিকর। প্রকৃত তথ্য হল খোয়াই জেলায় কর্মী স্বল্পতার মাঝেও জাতীয় স্বাস্থ্য মিশনের অধীন সমন্তরকম প্রকল্পের কর্মসূচিগুলি ধারাবাহিকভাবে করা হচ্ছে। খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের তত্ত্বাবধানে ও সুষ্ঠু পরিচালনায় সকলে পারস্পরিক বোৰাপড়া ও সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণের মাধ্যমে একে অন্যের সহযোগিতায় সৌহার্দ্যপূর্ণ পরিবেশে দপ্তরের কাজকর্ম করা হচ্ছে। কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বা দুর্নীতির ঘটনা এখানে ঘটেনি। সংবাদে যে সার্বিক টিকাকরণ, আয়ুষ্মান স্বাস্থ্য বীমা, শাশুড়ি বৌমা সম্মেলন, প্রাতিষ্ঠানিক সম্মান প্রসব কর্মসূচি, বয়ঃসন্ধীকালীন ছেলেমেয়েদের সচেতনতামূলক কর্মসূচিগুলি রূপায়ণে অসফল এবং তার ব্যর্থতার দায় নিয়ে সামাজিক মাধ্যমে যে দোষারোপের খবর প্রকাশ করা হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন।

এ প্রসঙ্গে বলা হচ্ছে, প্রতি মাসে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের পাশাপাশি জেলাশাসক কার্যালয়ে জেলাশাসকের পৌরহিত্যে জেলার সকল প্রোগ্রাম অফিসার, জেলা কর্মকর্তা সহ প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিকেল অফিসার যারা প্রকল্পের কর্মসূচিগুলি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন তাদের উপস্থিতিতে জাতীয় স্বাস্থ্য মিশন প্রকল্পের প্রতিটি কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা করা হয়। সেখানে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প রূপায়ণের সফলতা তুলে ধরা হয়। প্রকাশিত সংবাদে ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার প্রণয় কুমার দেববর্মণ এবং অ্যাকাউন্টেন্ট দেবু বিশ্বাসকে নিয়ে যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ ভুল। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের সুদৃশ্য নির্দেশনায় তারা সকলে সমন্তরকম সরকারি বিধি ও নিয়ম অনুসারে সুষ্ঠুভাবে স্বাস্থ্য মিশনের কার্যসম্পাদন করে চলেছেন। এখানে কেন্দ্রীয় দুর্নীতি বা অনিয়ম করা হচ্ছে না। তাছাড়া বিভিন্ন প্রোগ্রাম অফিসারদের নিয়ে যে বিষয়টি সংবাদে উল্লেখ করা হয়েছে তাও বিভ্রান্তিকর। এখানে সকল প্রোগ্রাম অফিসারগণ স্বাধীনভাবে কাজ করে চলেছেন, কেউ কাউকে পরিচালনা করেছেন না এবং কেউ কারো দ্বারা বাধা প্রাপ্ত হচ্ছেন না। এ বিষয়ে কারো কোন অভিযোগ নেই। তাই প্রকাশিত সংবাদটি ভিত্তিহীন।

\*\*\*\*\*